কানাইঘাটে যুবককে কুপিয়ে আহতের ঘটনায় ১জন গ্রেফতার

কানাইঘাট প্রতিনিধি:: কানাইঘাট উপজেলার রাজাগঞ্জ ইউনিয়নে পূর্ব শত্রুতার জের ধরে ধারালো অস্ত্র দিয়ে কোপিয়ে মাসুম মিয়া নামে এক যুবককে আহতের ঘটনায় একজনকে গ্রেফতার করেছে কানাইঘাট থানা পুলিশ। পুলিশ সূত্রে জানা যায় পূর্ব শত্রুতার জের ধরে গত বুধবার সন্ধ্যা ৭টার দিকে রাজাগঞ্জ বাজারের অদূরে সুরমা উচ্চ বিদ্যালয়ের পাশে স্থানীয় তালবাড়ী লক্ষীপুর ধাওয়াদারী গ্রামের মৃত পাখি মিয়ার পুত্র মাসুম মিয়া (৩০)কে ৪/৫জন মিলে ধারালো অস্ত্র দিয়ে উপর্যপুরী কুপিয়ে রাস্তায় ফেলে রেখে যায়। পরে তাকে আশংকাজনক অবস্থায় আত্মীয়-স্বজনরা উদ্ধার করে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। এ ঘটনার খবর পেয়ে সাথে সাথে কানাইঘাট থানার এসআই দেবাশীষ শর্ম্মার নেতৃত্বে একদল পুলিশ বুধবার রাতভর এলাকায় অভিযান চালিয়ে ঘটনার সাথে জড়িত একই ইউনিয়নের পারকুল গ্রামের সিরাজুল ইসলামের পুত্র ফয়জুল হাসান (৩২) কে গ্রেফতার করেন। এদিকে গতকাল বৃহস্পতিবার সিওমেক হাসপাতালে চিকিৎসাধীন মাসুম মিয়া’কে দেখতে গিয়েছেন থানার ওসি (তদন্ত) দিলীপকান্ত নাথ। হামলার সাথে জড়িত অন্যদের গ্রেফতার করতে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে বলে এসআই দেবাশীষ শর্ম্মা জানিয়েছেন। এর আগে নিজ রাজাগঞ্জ গ্রামের ব্যবসায়ী নিজাম উদ্দিন (৪০) এর খুনের রহস্য উদঘাটন ও প্রকৃত খুনি রুহেল মিয়া রেকেল’কে গ্রেফতার করে এলাকায় বেশ প্রশংসিত হন রাজাগঞ্জ ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত বিট পুলিশিং অফিসার এসআই দেবাশীষ শর্ম্মা।